অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/9/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অন্টারিও কাউন্টিকে অন্তর্গত করার জন্য জরুরি অবস্থাকে সম্প্রসারিত করলেন কারণ প্রবল বন্যা কানানডাইগুয়া এলাকাকে প্রভাবিত করেছে

অন্টারিও এবং অরেঞ্জ কাউন্টি এখন ভারী বৃষ্টিপাতের কারণে উল্লেখযোগ্য বন্যার কারণে জরুরি অবস্থার অধীনে রয়েছে

দ্রুত পানিতে উদ্ধার দলগুলি অন্টারিও কাউন্টিতে বাড়ি বাড়ি গিয়ে ওয়েলফেয়ার চেক করছে

প্রভাবিত বাসিন্দাদের জন্য কানানডাইগুয়া টাউন হলে রেড ক্রস আশ্রয়কেন্দ্র এখন খুলে দেওয়া হয়েছে

গভর্নর আজকে অন্টারিও কাউন্টির জন্য একটি জরুরি অবস্থা ঘোষণা করলেন যেহেতু আজকে সন্ধ্যার ভারী বৃষ্টিপাতের ফলে কানানডাইগুয়া এলাকায় উল্লেখযোগ্য বন্যা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) জরুরি ব্যবস্থাপনা অফিস (Office of Emergency Management) এবং অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (Office of Fire Prevention and Control) স্থানীয় সাড়াদান প্রয়াসে সহায়তা করার জন্য কাউন্টিতে কর্মী নিয়োগ করেছে। স্টেটের দ্রুত পানিতে উদ্ধার দলগুলি স্টেট পার্কস (State Parks) এবং স্টেট অগ্নির (State Fire) কর্মীদের সাথে সর্বোচ্চ প্রভাবিত এলাকাগুলিতে বাড়ি বাড়ি গিয়ে ওয়েলফেয়ার চেক করছে। সহায়তার জন্য স্থানীয় অনুরোধের সাড়াদান করতে DHSES এর কর্মীদের অন্টারিও কাউন্টি জরুরি পরিচালনা কেন্দ্রের সাথে যুক্ত করা হয়েছে।

"ক্রমবর্ধমান বিপজ্জনক পরিস্থিতির কারণে, আমি স্টেটের জরুরি অবস্থাকে অন্টারিও কাউন্টি পর্যন্ত সম্প্রসারিত করছি," **গভর্নর হোকল বলেন।** "স্টেটের কর্মীরা মাঠ পর্যায়ে রয়েছে এবং স্থানীয় সাড়াদান প্রয়াসে সহায়তা করছে। প্রভাবিত অঞ্চলসমূহের নিউ ইয়র্কবাসীদের উচিত বন্যা কবলিত রাস্তা এড়াতে সম্ভাব্য সকল কিছু করা এবং অতিরিক্ত আবহাওয়ার জন্য সতর্ক থাকা।"

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "আজকে সন্ধ্যা থেকে আমাদের দল কানানডাইগুয়ার মাঠ পর্যায়ে রয়েছে এবং তাসরা ওন্টারিও কাউন্টির স্থানীয় কর্মকর্তাদের এবং বন্যা সম্পর্কিত প্রভাবের ক্ষেত্রে জরুরি

সাড়াদানকারীদের সহায়তা করছে। এইসব প্রয়াসকে এবং পুরো স্টেটের অন্যান্য প্রয়াসকে আমরা সমর্থন করা অব্যাহত রেখেছি যেহেতু ভারী বৃষ্টিপাতের কারণে ব্যাপক বিস্তৃত বন্যা হচ্ছে। নিউ ইয়র্কবাসীদের উচিত ভ্রমণ করলে বাড়তি সতর্কতা অবলম্বন করা এবং সতর্ক থাকা।"

আমেরিকান রেড ক্রস বর্তমানে অন্টারিও কাউন্টিতে কানানডাইগুয়ার টাউন হলে (5440 Route 5 & 20 West, Canandaigua, NY 14424) কর্মকাণ্ড পরিচালনা করছে।

আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পূর্বাভাসের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov দেখুন।

নিউ ইয়র্কবাসীদের alert.ny.gov থেকে NY অ্যালার্টে (NY Alert) সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে উৎসাহিত করা যাচ্ছে, এটি একটি বিনামূল্যে প্রদত্ত সেবা যা আপনার সেল ফোন বা কম্পিউটারে অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

দুর্যোগের সরবরাহ

- দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:
- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল
- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তা দিয়ে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানি বাড়তে থাকে, তাহলে অবিলম্বে যান পরিত্যাগ করুন।
- দ্রুত গতিতে বয়ে চলা পানির ক্ষমতাকে অগ্রাহ্য করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানিতে আপনার গাড়ি ভাসিয়ে নিবে এবং দুই মাইল বেগে বয়ে চলা পানি আপনার গাড়িকে রাস্তা বা ব্রিজ থেকে টেনে নিয়ে যাবে।

বজ্রপাত

- 30-30 নিয়ম অনুসরণ করুন: আপনি একটি বিদ্যুৎ চমকাতে দেখা এবং বাজের আওয়াজ শোনার মধ্যে 30 সেকেন্ড বা তার কম সময় লাগলে, বজ্রপাতটি আপনাকে আঘাত করার মতো যথেষ্ট কাছে রয়েছে। অবিলম্বে আশ্রয় খুঁজুন।

শেষ বিদ্যুৎ চমকানোর পর, আপনার আশ্রয় ত্যাগ করার পূর্বে 30 মিনিট অপেক্ষা করুন।

- বজ্রপাত সবথেকে লম্বা বস্তুকে আঘাত করে। আপনি যদি একটি গাছের লাইনের উপরে থাকেন, দ্রুত তার নিচে যান এবং আপনি একটি খোলা স্থানে থাকলে নিচু হয়ে বসুন।
- আপনি যদি একটি আশ্রয়কেন্দ্রে না যেতে পারেন, গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

ঘূর্ণিঝড়

- ঘরের বাইরে থাকা অবস্থায় ঘূর্ণিঝড় সতর্কতা জারি হলে, অবিলম্বে আশ্রয় খুঁজুন। যদি কাছাকাছি কোনও আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।
- বাড়িতে বা ছোট কোনও ভবনে থাকলে, বেজমেন্ট বা ভবনের নিচ তলার ভেতরের একটি কক্ষে যান। জানালা থেকে দূরে থাকুন। আলমারি, বাথরুম, এবং অন্যান্য অভ্যন্তরীণ কক্ষগুলি সর্বোত্তম সুরক্ষা সরবরাহ করে। মজবুত কিছুর নিচে যান বা নিজেকে একটি গদি দিয়ে ঢেকে রাখুন।
- স্কুল, হাসপাতাল, বা শপিং সেন্টারে থাকলে, পূর্বে নির্ধারিত আশ্রয় এলাকায় যান। বড় খোলা এলাকা এবং জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।
- একটি উঁচু ভবনে, সম্ভাব্য সর্বনিম্ন তলার একটি অভ্যন্তরীণ ছোট কক্ষ বা হলওয়েতে যান। এলিভেটর ব্যবহার করবেন না - সিঁড়ি ব্যবহার করুন।

ব্যক্তিগত প্রস্তুতি জন্য এবং তীব্র আবহাওয়ায় কীভাবে নিরাপদ থাকতে হয় সেই সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান: https://www.dhses.ny.gov/safety-and-prevention।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418